



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/11/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের তিনটি অঞ্চল 15 মে থেকে পুনরায় চালু করার জন্য প্রস্তুত

*ফিঙ্গার লেক, সাউদার্ন টায়ার, মোওয়াইক ভ্যালি অঞ্চল চালু করার পরিকল্পনার জন্য প্রয়োজনীয় 7টি মেট্রিক্স পূরণ করেছে, যার মধ্যে রয়েছে নির্মাণ, উৎপাদন কার্বসাইড পিকআপ, কৃষি, বন- এবং মাছ ধরার খুচরা ব্যবসা*

*দেশের উত্তর অংশ এবং সেন্ট্রাল NY ঘনিষ্ঠ সব মেট্রিক্স পূরণের খুব কাছাকাছি*

*গভর্নর কুওমো "NY পুনরায় খুলে দেওয়ার দ্বারপ্রান্তে" পরিকল্পনা প্রকাশ করেছেন, তা এখানে পাওয়া যাবে*

*কিছু কম ঝুঁকির ব্যবসা এবং বিনোদনমূলক কার্যক্রম--সহ ভূপ্রাকৃতিক, বাগান, টেনিস, ড্রাইভ-ইন-মুভি থিয়েটার-ইত্যাদি আগামী 15 মে তারিখের মধ্যে খুলে যাবে*

*আঞ্চলিক মনিটরিং ড্যাশবোর্ড চালু করা হচ্ছে-- এখানে পাওয়া যাবে*

*আঞ্চলিক কন্ট্রোল ক্রমের সদস্যদের নাম ঘোষণা করার হচ্ছে যারা পুনরায় চালু করার প্রক্রিয়ার সময়ে আঞ্চলিক মেট্রিক্স নিরীক্ষণ করবে*

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে আজ পর্যন্ত, ফিঙ্গার লেকস, সাউদার্ন টায়ার এবং মোহাক উপত্যকা অঞ্চলগুলো সাতটি মেট্রিক্স পূরণ করতে পেরেছে যা স্টেটের পুনরায় চালু করার পরিকল্পনা অনুযায়ী প্রথম ধাপের শর্তের পূরণ হল আর যখন NYS বন্ধ ঘোষণা 15 মে তারিখে শেষ হতে চলেছে। যদি এই ধারা অব্যাহত থাকে, 15 মে থেকে, এই তিনটি অঞ্চল প্রথম ধাপে ব্যবসা শুরু করতে পারবে, যাদের মধ্যে নির্মাণ; উৎপাদন এবং পাইকারি সরবরাহ চেইন; কার্বসাইড পিকআপ এবং ড্রপ অফ বা ইন-স্টোর পিকআপের খুচরা ব্যবসা; আর কৃষি, বন ও মাছ অন্তর্ভুক্ত। দেশের উত্তর অংশ ও সেন্ট্রাল NY রিজিয়নে 7টি মেট্রিক্স-এর মধ্যে 6টি পূরণ করেছে এবং সপ্তাহ শেষে এরা প্রস্তুত হতে পারে। স্টেটের "NY পুনরায় খুলে দেওয়ার দ্বারপ্রান্তে" ("NY Forward Reopening") এই পরিকল্পনার একটি নির্দেশিকা এখানে পাওয়া যায়। গভর্নর স্টেটের আঞ্চলিক মনিটরিং ড্যাশবোর্ড চালু করেছেন, যা পাওয়া যাবে এখানে।

গভর্নর আরো ঘোষণা দিয়েছেন যে, কিছু কম ঝুঁকির ব্যবসা এবং বিনোদনমূলক কার্যক্রম 15 মে থেকে, স্টেটব্যাপি খোলা রাখার জন্য প্রস্তুত থাকবে; যার মধ্যে ভূপ্রাকৃতিক ও বাগানসহ বিভিন্ন আউটডোর, কম ঝুঁকির বিনোদনমূলক কার্যক্রম যেমন- টেনিস; আর ড্রাইভ-ইন মুভি থিয়েটার অন্তর্ভুক্ত।

"আমরা এই ভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ে একটি নতুন অধ্যায় শুরু করেছি-আমরা একটি রাষ্ট্র হিসেবে একসাথে কাজ করেছি আক্রান্তের হার সমতল অবস্থায় আনার জন্য এবং পতন অবশেষে একটি বিন্দুতে পৌঁছেছে যেখান থেকে আমরা এই যাত্রা শুরু করেছি ভাবা যায়, তাই এখন আমরা ব্যবসা-বাণিজ্য পুনরায় চালু করতে পারি," **গভর্নর কুওমো বলেন।** "আমরা যেহেতু 15 মে এর প্রায় কাছে চলে এসেছি, আমরা আঞ্চলিক কন্ট্রোল রুম স্থাপন করেছি, যা ওই অঞ্চলের শীর্ষ সরকারী কর্মকর্তা এবং একাডেমিক এবং স্বাস্থ্যসেবা পেশাজীবীদের সমন্বয়ে তৈরি, যারা প্রতিটি অঞ্চলের পরিস্থিতি দেখতে এবং মেট্রিক্স ও নির্দেশনার উপর ভিত্তি করে পুনরায় খুলে দেওয়ার কার্যকলাপ এবং গতি বৃদ্ধি বা হ্রাস করার প্রয়োজন আছে কি না তা পর্যবেক্ষণ করবেন। এই কন্ট্রোল রুম অত্যাৱশ্যক কারণ আমরা পাহাড় অতিক্রম করে এখানে পৌঁছে গেছি এবং কেউ এখন পাহাড়ের অন্য পার্শ্ব ফিরে যেতে চায় না।"

গভর্নর কুওমো আঞ্চলিক নিয়ন্ত্রণ কক্ষের সদস্যদের তালিকা ঘোষণা করেছেন যারা পুনরায় চালু করার সময় আঞ্চলিক মেট্রিক্স পর্যবেক্ষণ করবে। এই আঞ্চলিক কন্ট্রোল রুমগুলি হাসপাতালে ভর্তি হার, মৃত্যুর হার, নতুন হাসপাতালে ভর্তি হওয়ার সংখ্যা, হাসপাতালের বেড ক্যাপাসিটি, আইসিইউ বেড ক্যাপাসিটি, টেস্টিং এবং এই অঞ্চলে ব্যবসা পুনরায় চালু করার সময় কন্টাক্ট ট্রেসিং নজরদারি করবে এবং স্টেট পুনরায় চালু করার নির্দেশনা পূরণ করতে না পারলে সতর্ক করবে এবং ঐ অঞ্চলের পুনরায় চালু করার পরিকল্পনার সাথে সমন্বয় করবে। প্রতিটি আঞ্চলিক কন্ট্রোল রুমের সদস্যদের নাম এখানে পাওয়া যাবে।

পরিশেষে, গভর্নর আরও 1,660 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 337,055-তে নিয়ে এসেছে। মোট 337,055 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	1,456	24
Allegany	38	2
Broome	378	5
Cattaraugus	61	1
Cayuga	60	2
Chautauqua	41	0
Chemung	131	0
Chenango	111	2

Clinton	76	0
Columbia	314	2
Cortland	29	0
Delaware	65	1
Dutchess	3,378	19
Erie	4,483	30
Essex	32	0
Franklin	17	0
Fulton	109	2
Genesee	173	1
Greene	206	0
Hamilton	5	0
Herkimer	81	2
Jefferson	68	0
Lewis	11	0
Livingston	102	0
Madison	251	0
Monroe	1,850	29
Montgomery	67	0
Nassau	38,337	120
Niagara	655	12
NYC	185,357	940
Oneida	669	9
Onondaga	1,287	22
Ontario	107	1
Orange	9,584	41
Orleans	130	4
Oswego	75	0
Otsego	67	0
Putnam	1,098	9
Rensselaer	411	2
Rockland	12,484	33
Saratoga	403	1
Schenectady	575	4
Schoharie	46	0
Schuyler	7	0
Seneca	49	0
St. Lawrence	190	3

Steuben	228	1
Suffolk	36,911	209
Sullivan	1,109	16
Tioga	107	2
Tompkins	132	0
Ulster	1,454	4
Warren	217	10
Washington	210	4
Wayne	81	1
Westchester	31,384	90
Wyoming	77	0
Yates	21	0

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)